**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল বিশ্ব সপ্তাহ উদযাপন করতে জাভিটস সেন্টারের উপরে নতুন ছাদের উপরের খামারের NYS উৎপাদিত এবং প্রত্যয়িত কর্মসূচিতে যোগদান করার ঘোষণা করলেন

***এক একরের খামার 40,000 পাউন্ড ফল, সবজি এবং সবুজ পণ্য উৎপন্ন করবে***

***নতুন খাদ্য বন তৈরি করা হয়েছে জাভিটস সেন্টারের ছাদের উপরের ইকোসিস্টেম উন্নত করবে***

***ছাদের উপরের খামারের এই বছরের প্রথম ফসলের ছবি এখানে উপলভ্য আছে***

বিশ্ব সপ্তাহ উদযাপনে, গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে জাভিটস সেন্টারের (Javits Center) ছাদের উপরের নতুন এক একরের খামার নিউ ইয়র্ক স্টেটের উৎপাদিত এবং প্রত্যয়িত কর্মসূচিতে (New York State Grown & Certified program) যোগদান করেছে, এটি স্টেটব্যাপী একটি প্রচেষ্টা যা খাদ্য নিরাপত্তা ও পরিবেশগত দায়ভার বহন করার ক্ষেত্রে সর্বোচ্চ মান বজায় রাখা স্থানীয় উৎপাদনকারীদের সনাক্ত করে। রাস্তার আট তলার উপরে অবস্থিত, খামারটির কাজ গত বছর ম্যানহাটনের পশ্চিম পাশে জাভিটস সেন্টারের একটি 1.2 মিলিয়ন বর্গফুট, অত্যাধুনিক সম্প্রসারণের অংশ হিসেবে শেষ হয়েছে। প্রতি বছর, খামারটি 40,000 পাউন্ড পণ্য উৎপন্ন করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে, যা কনভেনশন সেন্টারে অনুষ্ঠান চলাকালীন অতিথিদের প্রদত্ত মিলিয়ন মিলিয়ন বেলার খাবারে অন্তর্ভুক্ত করা হচ্ছে। সোমবারে, ছাদের উপর খামার ব্যবস্থাপনা করা ব্রুকলিন গ্র্যাঞ্জের (Brooklyn Grange) খামারিরা বছরের প্রথম ফসল উঠিয়েছে, যার মধ্যে ছিলো গাজর, লিক, এবং বেবি কেইল, এবং এগুলি 24 এপ্রিল, রবিবার শুরু হতে যাওয়া নিউ ইয়র্ক আন্তর্জাতিক অটো শোয়ে (New York International Auto Show) ব্যবহার করা হবে।

"আমরা যখন বিশ্ব সপ্তাহ (Earth Week) উদযাপন করছি, তখন জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের অস্তিত্বের লড়াইয়ের প্রতিফলন করা এবং আমাদেরকে আরো পরিচ্ছন্ন, সবুজতর নিউ ইয়র্ক স্টেটের আরো কাছে নিয়ে যাবে এমন ঐতিহাসিক, উদ্ভাবনী সমাধানের অনুসন্ধান অব্যাহত রাখা গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "এর প্রায় 7 একরের সবুজ ছাদের সাফল্য থেকে শুরু করে নতুন একটি ছাদের উপরের খামার পর্যন্ত, জাভিটস সেন্টার টেকসই হওয়ার ক্ষমতা প্রমাণ করেছে। আমরা তাদেরকে নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচিতে

স্বাগত জানাতে পেরে গর্বিত, যা তাজা, স্বাস্থ্যকর ফসলের উদযাপন করে যা আশেপাশের পরিবেশের কথা মাথায় রেখে ফলানো হয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার ডিপার্টমেন্টের (New York State Department of Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "NYS উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচিটি আমাদের ভোক্তাদের চাহিদার সাড়াদান করে, যারা আরো বেশি করে চাইছেন যে নিরাপদভাবে পরিচালিত, স্বাস্থ্যকর খাদ্য, খামার থেকে টেবিলে পৌঁছানো হোক, এবং জাভিটস সেন্টার এই চাহিদা পূরণ করছে। আমরা জাভিটস সেন্টারের সকল টেকসই অর্জন দ্বারা অনুপ্রাণিত হয়েছি, এবং তাদের উচ্চমানের মানদণ্ডের ফলস্বরূপ, আমরা তাদের ছাদের উপরের খামারকে কর্মসূচিতে স্বাগত জানাতে পেরে গর্বিত বোধ করছি।"

**নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার পরিচালনা কর্পোরেশনের (New York Convention Center Operating Corporation) প্রেসিডেন্ট অ্যালান স্টিল বলেন,** "আমরা নিউ ইয়র্ক স্টেটের উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচিতে যোগ দিতে পেরে এবং বিশ্বের সকল প্রান্ত থেকে আগত অতিথিদেরকে আমাদের ছাদ-থেকে-টেবিল অভিজ্ঞতা প্রদান করতে পেরে সম্মানিত বোধ করছি। ছাদের উপরের খামারটি অতিথিরা যেখানে আহার করবে তার মাত্র কয়েক ধাপ উপরেই সেই খাদ্যের উপকরণ ফলানোর মাধ্যমে আমাদের টেকসই হওয়ার কর্মসূচিকে আক্ষরিক অর্থেই পরবর্তী পর্যায়ে নিয়ে যাচ্ছে। আমাদের লক্ষ্য হলো টেকসই হওয়ার একটি আদর্শ হিসেবে কাজ চালিয়ে যাওয়া এবং অন্যদের শহুরে খামারকাজের সম্ভাবনা এবং আমাদের সম্প্রদায়ে এর ইতিবাচক প্রভাব বিবেচনা করতে উৎসাহিত করা অব্যাহত রাখা।"

**স্টেটের সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন,** "জাভিটস সেন্টার টেকসই শহুরে স্থানের একটি আদর্শস্বরূপ। সেন্টারটি শুধু তাদের পশ্চিম পাশের ভবনের এক একর ছাদে চাষাবাদই করছে না, বরং তারা নিউ ইয়র্ক স্টেটের উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচিতে যোগদান করে খাদ্যমানের সর্বোচ্চ মানদণ্ডে পৌঁছানোর উদ্দেশ্যে কাজ করছে। আমি অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল নিউ ইয়র্কের টেকসই হওয়াকে, বিশেষ করে বিশ্ব সপ্তাহের সম্মানে, একটি অগ্রাধিকার বানিয়েছেন।"

জাভিটস সেন্টারের ছাদের উপরের খামারে, ব্রুকলিন গ্র্যাঞ্জের খামারিরা বিভিন্ন ধরনের ফসল রোপণ করেছে, যেমন তুলসী, ব্রকোলি, টমেটো এবং শালগম। তারা কনভেনশন সেন্টারের অন-সাইট রাঁধুনিদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে আজকে উৎপন্ন ফসল ট্রেড শো বা ব্ল্যাক-টাই গালার মতো বিশেষ অনুষ্ঠানের জন্য তৈরি খাবারে ব্যবহার করা যায়। পুরো স্টেটে 3,000-র বেশি প্রত্যয়িত উৎপাদনকারী নিয়ে, NYS উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচি নিউ ইয়র্কের সেই খামারি এবং খাদ্য উৎপাদনকারীদের প্রচারণা করে যারা খাদ্য নিরাপত্তা ও পরিবেশগত দায়ভার বহন করার ক্ষেত্রে সর্বোচ্চ মান বজায় রাখে। নিউ ইয়র্ক সিটিতে, জাভিটস সেন্টারের ছাদের উপরের খামার এই প্রত্যয়ন প্রাপ্ত আরো চারটি ছাদের উপরের খামারের সাথে যোগদান করলো: ব্রুকলিন গ্র্যাঞ্জ দ্বারা ব্যবস্থাপিত তিনটি ব্রুকলিন ও কুইন্সের খামার এবং গথাম গ্রিনস (Gotham Greens) পরিচালিত কুইন্সের জ্যামাইকার আরেকটি খামার।

জাভিটস সেন্টার এর পরিবেশের প্রতি অঙ্গীকার আরো অগ্রসর করতে এছাড়াও এর অনন্য ছাদের উপরের ইকোসিস্টেমের অংশ হিসেবে একটি খাদ্য বন তৈরির উন্মোচন করেছে। উলম্বভাবে একটির উপর একটি করে রাখা সাতটি অনন্য স্তর নিয়ে, খাদ্য বনটি বনে পাওয়া ইকোলজিক্যাল সুবিধা এবং ফসলের বৈশিষ্ট্যকে নকল করে এবং এটি খাদ্য উৎপাদন ব্যবস্থার জীব বৈচিত্র্য, দক্ষতা, এবং টেকসই হওয়া বৃদ্ধি করতে নকশা করা হয়েছে। সাম্প্রতিক সম্প্রসারণের অংশ হিসেবে নির্মিত 10,000 বর্গফুট ছাদের উপরের বাগানে রোপণ করা এই খাদ্য বন জাভিটস সেন্টারের সবুজ ছাদ ও খামার দ্বারা ইতিমধ্যে সরবরাহ করা ইকোসিস্টেম সেবাকে আরো বাড়িয়ে দিবে, যার মধ্যে রয়েছে ঝড়ের পানি প্রশমন, তাপসংক্রান্ত নিয়ন্ত্রণ এবং এলাকার বুনো জীবনের খাদ্য আহরণ ও আবাসের স্থান। ব্যাপক ধরনের গাছপালা মানুষ এবং পরিবেশে গঠিত সবুজ অবকাঠামোর উপর নির্ভরশীল অন্যান্য প্রজাতির জন্য খাদ্য উৎপাদনের আরো জটিল ও স্থিতিস্থাপক স্থান তৈরি করবে। 2014 সাল থেকে, জাভিটস সেন্টারের সবুজ ছাদে 35 প্রজাতির পাখি, পাঁচটি বাদুড়ের প্রজাতি এবং হাজার হাজার পোকামাকড় এবং সেই সাথে পাঁচটি সক্রিয় মৌচাক দেখা গেছে।

34থ ওয়েস্ট থেকে 40থ ওয়েস্ট স্ট্রিট পর্যন্ত, 11থ এবং 12থ অ্যাভিনিউয়ের মধ্যকার সম্প্রসারিত জাভিটস সেন্টারে একটি চার তলা ট্রাক সাজিয়ে রাখার ফ্যাসিলিটি রয়েছে যেখানে যেকোনো সময়ে 200টি পর্যন্ত ট্র্যাক্টর ট্রেইলার থাকতে পারে, যা এলাকার জ্যাম ও দূষণ হ্রাস করে এবং একইসাথে ট্র্যাফিক নিরাপত্তা উন্নত করে। নতুন প্রদর্শনী এবং মিটিং স্থানগুলির মধ্যে রয়েছে দ্য ওভারভিউ, একটি 54,000 বর্গফুটের বিশেষ অনুষ্ঠানের স্থান, যেটি উত্তরপূর্বে এ ধরনের সর্ববৃহৎ স্থান, এবং একইসাথে 200,000 বর্গফুটের বেশি মিটিং কক্ষ এবং প্রাক-অনুষ্ঠান স্থান। সকল স্থান একদম নতুন প্রযুক্তির বাতির ব্যবস্থা, হিটিং এবং কুলিং ব্যবস্থা এবং ওয়্যারলেস সংযোগ দ্বারা সজ্জিত। সম্প্রসারণটি মার্কিন সবুজ ভবন পরিষদের (U.S. Green Building Council) থেকে এনার্জি এবং এনভায়রনমেন্টাল নকশায় নেতৃত্ব (Leadership in Energy and Environmental Design, LEED) গোল্ড প্রত্যয়ন পেয়েছে।

2014 সাল থেকে, জাভিটস সেন্টার 26 শতাংশ শক্তি ব্যবহার হ্রাস করেছে এবং সম্প্রসারিত সেন্টারে বিদ্যুৎ সরবরাহের জন্য ট্রান্সফরমার, ব্যাকআপ জেনারেটর এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামসহ নতুন একটি তিন তলা ভবন যোগ করেছে। পুরো ভেন্যুতে বাতাস ফিল্ট্রেশন এবং ভেন্টিলেশন উন্নত করতে হাসপাতাল মাত্রার উচ্চ দক্ষতার বিশেষ বাতাস (High Efficiency Particulate Air, HEPA) ফিল্টার স্থাপন করার মাধ্যমে, জাভিটস সেন্টার বৈশ্বিক বায়োরিস্ক উপদেষ্টা পরিষদ (Global Biorisk Advisory Council, GBAC) থেকে পরিচ্ছন্ন করা ও জীবাণুমুক্ত করার শিল্পের সেরা মান বাস্তবায়ন করার স্বীকৃতি লাভ করেছে।

## নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত এবং প্রত্যয়িত সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত এবং প্রত্যয়িত শুরু করা হয়েছিলো উচ্চ মানে ফলানো বা উৎপাদিত স্থানীয় খাদ্যের বর্ধিত ভোক্তা চাহিদা পূরণ করার জন্য। কর্মসূচিটি নিউ ইয়র্কের উৎপাদনকারীদের প্রত্যয়িত করে যারা উচ্চমানের খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত দায়ভার বহন করেন। এটি একটি প্রচারণা ক্যাম্পেইন দ্বারা সমর্থিত হয় যার মধ্যে রয়েছে পণ্যের উপরে লেবেল, প্রচারণা উপকরণ, এবং বিক্রির উপকরণ। বর্তমানে, 3,000-র বেশি উৎপাদনকারী নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচিতে অংশগ্রহণ করছে, যা 750,000 একর কৃষিজমির

প্রতিনিধিত্ব করে। নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত এবং প্রত্যয়িত কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, certified.ny.gov ভিজিট করুন বা কর্মসূচিটিকে ফেসবুক, টুইটার ও ইনস্টাগ্রামে ফলো করুন।

**জাভিটস সেন্টার সম্পর্কে**

আই.এম. পেই এবং পার্টনারসের (I.M. Pei & Partners) নকশা করা জাভিটস সেন্টারটি খুলে 1986 সালে এবং তখন থেকে এটি বড় কনভেনশন, ট্রেড শো এবং বিশেষ অনুষ্ঠানের জন্য নিউ ইয়র্ক সিটির মূল ভেন্যু হয়ে আছে এবং এটি বিশ্বের শীর্ষ 250 ট্রেড শোয়ের অনেকগুলির আয়োজনস্থল, বছরে এটি মিলিয়ন মিলিয়ন দর্শনার্থীদের আপ্যায়ন করে। এইসব বড় আকারের ইভেন্টগুলি নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য বার্ষিক 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে, ফ্যাসিলিটিতে এবং এটিকে কেন্দ্র করে 18,000টি পর্যন্ত চাকরি সমর্থন করে। ম্যানহাটনের 34থ ওয়েস্ট এবং 40থ ওয়েস্ট স্ট্রিটের মধ্যে 11থ অ্যাভিনিউতে অবস্থিত জাভিটস সেন্টারে 850,000 বর্গফুটের বেশি মোট প্রদর্শনীর স্থান রয়েছে, দুটি নতুন মিটিং কক্ষের তলা এবং প্রাক-অনুষ্ঠান স্থান রয়েছে, এবং ব্যাপক বিস্তৃত কেটারিং, নিরাপত্তা, টেকসই হওয়া এবং প্রযুক্তি সেবা রয়েছে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.javitscenter.com ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418